# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-09-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) শারোদৎসবের আজ পঞ্চমী। আনুষ্ঠানিকভাবে দুর্গাপুজো শুরু না হলেও উৎসবের আমেজে মেতে উঠেছে গোটা রাজ্য।

বৃষ্টির ভ্রূকুটি উপেক্ষা করেই রাস্তায় নেমেছে প্রতিমা দর্শণার্থীদের ঢল।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বিধানসভা নির্বাচনের পর এরাজ্যে পরিবর্তনের ডাক দিয়েছেন। তিনি গতকাল কলকাতায় দুটি পুজোর উদ্বোধন করেন।

৩) পূর্ব মধ্য ও সংলগ্ন উত্তর পূর্ব বঙ্গোপসাগরে সৃষ্টি গভীর নিম্নচাপটি আজ সকালে গোপালপুরের কাছাকাছি স্থলভাগ অতিক্রম করার কথা। এর ফলে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনা। তবে অষ্টমী পর্যন্ত বৃষ্টির পরিমাণ কম থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) বিএসএনএল আগামী বছর কলকাতায় ফাইভ জি নেটওয়ার্ক চালুর পরিকল্পনা নিয়েছে।

৬) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজা রামমোহন রায়ের ১৯৩ তম প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে।

---

শারদৎসবের আজ পঞ্চমী । তবে পঞ্জিকা অনুযায়ী আজই ষষ্ঠী তিথি পড়ে যাওয়ায় অনেক জায়গাতে আজ বিকেলেই হবে দেবীর বোধন । এদিকে আনুষ্ঠানিকভাবে দুর্গাপুজো শুরু না হলেও উৎসবের আমেজে মেতেছে বাংলা। আলোর মালায় সেজে উঠেছে মহানগরী।

গতকাল বিকেলের দিকে কয়েক পশলা বৃষ্টি হলেও সন্ধ্যায় আকাশ পরিষ্কার থাকায় ভিড় এড়িয়ে ঠাকুর দেখার জন্য বহু দর্শনার্থী পথে বেরিয়ে পড়েন। বিশিষ্টজনদের উপস্থিতিতে সব বড় পূজোমণ্ডপের উদ্বোধন প্রায় শেষ। আবার নিম্নচাপের পূর্বাভাস থাকায় আগেভাগেই ঠাকুর দেখা সেরে নিতে চেয়েছেন অনেকেই। বিশেষ করে মফস্বল থেকে আসা ছোট ও যুবদের ভিড় চোখে পড়েছে বেশি।

অন্যদিকে আজই রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কলকাতা মহানগর জেলা ও দেশের বাইরের সেরা পুজো গুলির জন্য বিশ্ব বঙ্গ শারদসম্মান প্রাপকদের নাম ঘোষণা করা হবে। কলকাতায় আজ এক অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন এই তালিকা প্রকাশ করবেন।

একটি প্রতিবেদন।

-------------------

এদিকে, উত্তর ২৪ পরগণার বারাসাত-টাকি রোডে দমকা হাওয়ায় একটি পুজো মন্ডপের ইলেক্ট্রিক তোরণ রাস্তার ওপর ভেঙে পড়ে। সাধারণ মানুষের কোনো বিপদ না হলেও একটি টোটো ক্ষতিগ্রস্ত হয়েছে। তোরণটির খুঁটি ঠিকভাবে না পোঁতার ফলে এটি ভেঙে পড়ে বলে জানা গেছে। প্যান্ডেল নির্মাণ সংস্থার একজনকে পুলিশ আটক করেছে।

অন্যদিকে, পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের সঙ্করপুর সার্বজনীন দুর্গোৎসব কমিটির বাঁশের তৈরি গেটও গতকাল ঝড়বৃষ্টির দাপটে হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। হতাহতের অবশ্য কোনো খবর নেই। তবে যান চলাচল বেশ কিছুক্ষণ বন্ধ থাকে। ভেঙে যাওয়া গেট খুলে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন উদ্যোক্তারা।

-------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ বিধানসভা নির্বাচনের পর এরাজ্যে পরিবর্তনের ডাক দিয়েছেন। কলকাতায় গতকাল সন্তোষ মিত্র স্কোয়ারের পুজোর উদ্বোধন করে শ্রী শাহ্ বলেন, এই নির্বাচনের পর বাংলায় এমন সরকার ক্ষমতায় আসুক যারা 'সোনার বাংলা' নির্মাণ করবে। এজন্য তিনি দুর্গা মায়ের কাছেও প্রার্থনা করেন।

বাইট অমিত

শ্রী শাহ্ বলেন, বাংলায় দুর্গাপুজোর এই মহান ঐতিহ্যকে সারা বিশ্ব আনন্দের সঙ্গে গ্রহণ করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী সল্টলেকের ইজেডসিসি-র দুর্গাপুজোরও উদ্বোধন করেন। কালীঘাটে মায়ের মন্দিরেও পুজো দেন তিনি।

-------------------

পূর্ব মধ্য এবং সংলগ্ন উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপে আরোও ঘনীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। আজ সকালে মধ্যে সেটির পুরী ও কলিঙ্গ পত্তনমের মাঝামাঝি গোপালপুরের কাছ দিয়ে অতিক্রম করার কথা।

এর ফলে আজ সন্ধ্যে পর্যন্ত দক্ষিণবঙ্গে কলকাতা সহ বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা । দক্ষিণ ২৪ পরগনা ,পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায়

ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। তিনি আরও বলেন, অষ্টমী পর্যন্ত বৃষ্টির পরিমাণ কম থাকলেও আগামী ৩০ তারিখ উত্তর আন্দামান সাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। যা পরে নিম্নচাপে পরিণত হতে পারে।

বাইট

সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আগামীকাল অর্থাৎ ২৮ তারিখ পর্যন্ত সাগরে যেতে নিষেধ করা হয়েছে।

উল্লেখ্য, আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে ২০ দশমিক ৮ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৬-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

------------------

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার দেশের চুরি যাওয়া মূর্তি এবং পুরাকীর্তি ফিরিয়ে এনে ভারতের সাংস্কৃতিক গর্বকে পুনরুজ্জীবিত করেছে।

একটি প্রতিবেদন

------------------

কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সৌমেন সেন মেঘালয় হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছেন। কেন্দ্রীয় আইন মন্ত্রকের তরফে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

অন্যদিকে, বিচারপতি সুজয় পাল আপাতত কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য, গত ১৫ ই সেপ্টেম্বর প্রধান বিচারপতির পদ থেকে অবসর গ্রহণ করেন বিচারপতি টি এস শিবজ্ঞানম।

------------------

বিএসএনএল আগামী বছর কলকাতায় ফাইভ জি নেটওয়ার্ক চালু করার পরিকল্পনা নিয়েছে বলে সংস্থার তরফ থেকে জানানো হয়েছে। টেলিফোন ভবনে গতকাল এক সাংবাদিক সম্মেলনে কলকাতা টেলিফোনসের কনজিউমার মোবিলিটির জেনারেল ম্যানেজার সুব্রত সাহা একথা জানিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওড়িশার ঝারসুগুরা থেকে দেশীয় প্রযুক্তিতে তৈরি বিএসএনএল-এর যে ফোর জি

নেটওয়ার্কের সূচনা করবেন, তারই অঙ্গ হিসাবে ঐ সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছিল। সংস্থার জেনারেল ম্যানেজার গজালা ফয়জাল জানিয়েছেন, দেশীয় প্রযুক্তিতে তৈরি ফোর জি পরিষেবা প্রদানের ক্ষেত্রে বিশ্বের প্রথম পাঁচটি দেশের মধ্যে ভারত রয়েছে। সি ডট এবং টিসিএস-এর সঙ্গে যৌথ উদ্যোগে এই পরিষেবা প্রদান করা হবে। উল্লেখ করা যেতে পারে, পয়লা অক্টোবর বিএসএনএল প্ল্যাটিনাম জুবিলি উদযাপন করবে।

------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজা রামমোহন রায়ের ১৯৩ তম প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে। বাংলার নবজাগরণের পথিকৃৎ সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের মৃত্যু হয় ১৮৩৩ সালে আজকের দিনে ইংল্যান্ডের ব্রিস্টল শহরে।
রাজা রামমোহন রায়ের তিরোধান দিবস উপলক্ষে কলকাতা পুরসভার উদ্যোগে পার্ক স্ট্রিট ও ফোর্ট উইলিয়ামের সংযোগস্থলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানে বিশিষ্ট জনেরা তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন।

উল্লেখ্য, রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা ও বাল্যবিবাহ রোধ করার উদ্যোগ গ্রহণ করেন। তিনি ছিলেন ব্রাহ্মসমাজের অন্যতম প্রতিষ্ঠাতাও।

------------------ ------------------